

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং- এসি/এ-৩/রে-৪৭০২ (৫০০)

তারিখ : ০৫ মে ২০২১

অনলাইনসহ সকল শিক্ষা কার্যক্রমের স্থগিত সম্পর্কিত পুনঃ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা ১৬/০৫/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত হওয়ায় ২২/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৪৬৩তম অধিবেশনের সিদ্ধান্ত অনুযায়ী অত্র বিশ্ববিদ্যালয়ের অনলাইনসহ সকল শিক্ষা কার্যক্রম ১৬/০৫/২০২১ তারিখ পর্যন্ত স্থগিত থাকবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

Uddin

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। চেয়ারম্যান, কেন্দ্রীয় মনিটরিং কমিটি ও ডীন, পুরকৌশল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল অনুষদের ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (বিভাগীয় সম্মানিত শিক্ষকগণের মধ্যে বিতরণের অনুরোধসহ)।
- ৪। পরিচালক (IICT/IWFM/IAT), বাঃ প্রঃ বিঃ, ঢাকা (ইনস্টিটিউটের সম্মানিত শিক্ষকগণের মধ্যে বিতরণের অনুরোধসহ)।
- ৫। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। পরিচালক, আই.সি.টি সেল বাঃ প্রঃ বিঃ, ঢাকা (Website-এ প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৮। সকল অফিস/শপ প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৯। পরীক্ষা নিয়ন্ত্রক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১০। কম্পিউটার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১১। লাইব্রেরিয়ান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। সকল নোটিশ বোর্ড, হল/অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-২৩/রে-৪৭০১(৮০)

তারিখঃ ০৫ মে ২০২১

বিজ্ঞপ্তি

দেশব্যাপী করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পূর্বের নির্দেশের ধারাবাহিকতায় সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা আগামী ১৬/০৫/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত হওয়ায় গত ২৮/০৪/২০২১ তারিখের সংস্থা/ব-২৩/রে-৪৬৯১(৮০) নং বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় আগামী ১৬ মে ২০২১ তারিখ পর্যন্ত এই বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিস/ইনস্টিটিউট/সেন্টার বন্ধ থাকবে। এ সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারী অফিস সময়ে স্টেশন ত্যাগ না করে স্ব স্ব গৃহে অবস্থান করবেন। এছাড়া ঈদের ছুটিতে কোন কর্মকর্তা-কর্মচারী কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। তবে মেডিক্যাল সেন্টার, বিদ্যুৎ সরবরাহ, পানি সরবরাহ, গ্যাসের রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, নিরাপত্তার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, টেলিফোন ও ইন্টারনেট সেবায় নিয়োজিত ব্যক্তিবর্গ এবং অন্যান্য জরুরী রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ এই ছুটির আওতার বহির্ভূত থাকবেন। তবে তারা সরকারী স্বাস্থ্য সংক্রান্ত নিয়ম এবং সামাজিক দূরত্ব সংক্রান্ত নিয়ম মেনে চলাফেরা করবেন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

Juddin

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সকল অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, আইসিটি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য।
- ৭। পিএসটিভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। পিএসটি প্রো-ভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। সহকারী পরিচালক, তথ্য ও প্রকাশনা, ডিএইআরএস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১০। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড।
- ১১। গার্ড ফাইল/ব-৬/ব-৪১।